

2019

ADVANCE BENGALI

Full Marks : 100

Pass Marks : 30

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

Q. No. 1 carries 1 mark each	$1 \times 12 = 12$
Q. No. 2 carries 2 marks each	$2 \times 12 = 24$
Q. No. 3 carries 4 marks each	$4 \times 2 = 8$
Q. No. 4 carries 4 marks each	$4 \times 2 = 8$
Q. No. 5 carries 4 marks each	$4 \times 1 = 4$
Q. No. 6 carries 7 marks	$7 \times 1 = 7$
Q. No. 7 carries 8 marks	$8 \times 1 = 8$
Q. No. 8 carries 8 marks	$8 \times 1 = 8$
Q. No. 9 carries 9 marks	$9 \times 1 = 9$
Q. No. 10 carries 4 marks each	$4 \times 3 = 12$
<hr/>	
Total	= 100

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১২=

(ক) শব্দার্থ লেখো : পরিমল; পাণি।

(খ) 'সুদূরের আহ্বান' কবিতায় কবির জন্মতারকা কোনটি?

(গ) 'সনেট' কবিতাটি কার রচিত?

(ঘ) নবীন কিশোরকে কবি কোথাকার মেঘলা আকাশ দিয়েছেন?

(ঙ) রবীন্দ্রনাথ তাঁর রচিত কোন কাব্যগ্রন্থে শিশুচিত্তের উপর রূপকথার মায়াময় স্পর্শটি সজীব তুলেছেন?

(চ) "আইস, আমরা ইহার অস্থি দিয়া পৃথিবীর দেহ নূতন করিয়া নির্মাণ করি।"— বক্তা কে?

(ছ) রামকানাইয়ের ছেলের নাম কী?

(জ) রাইচরণকে নবকুমার কী নামে ডাকত?

(ঝ) রামচন্দ্র কাকে নতুন রাজ্যশাসন বিষয়ে প্রজাদের অভিপ্রায় জানার জন্য নিয়োজিত করেছিলেন?

(ঞ) কুন্তিবাসের জন্মস্থান কোথায় অবস্থিত?

(ট) জয়ানন্দের পিতার নাম কী?

(ঠ) বৈষ্ণব পদসাহিত্য রচনাকারদের মধ্যে কাকে 'দ্বিতীয় বিদ্যাপতি' বলা হয়?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×১=

(ক) 'বাপু, জানো তো হে, করেছি বাগানখানা,

পেলে দুই বিষে প্রস্থে ও দিঘে সমান হইবে টানা'

— কে, কাকে একথা বলেছেন?

(খ) '—— আর —— হোক ভারালো

কাস্তেটা শান দিও বন্ধু।'

— শূন্যস্থান পূর্ণ করো।

(গ) কে, কাকে 'বোতামবিহীন ছেঁড়া শার্ট', আর 'ফুসফুস ভরা হাসি' দিয়েছেন?

(ঘ) 'কিন্তু কেহ কেহ রাজমহিষীর উল্লেখ করিয়া কুৎসা করিয়া থাকে।' — বক্তা কাকে একথা বলেছেন? 'রাজমহিষী' কে?

(ঙ) 'সেই নিবিড় নীলস্তর ভেদ করিয়া দুই শুভ্র তুষার মূর্তি শূন্যে উথিত হইয়াছে।' — 'শুভ্র তুষার মূর্তি' দুটির নাম লেখো।

(চ) 'বউঠাকুরাণী, দাদা তোমাকেই সমস্ত বিষয় দিয়া গিয়াছেন।' — বক্তা কে? তিনি কাকে 'বউঠাকুরাণী' বলে সম্বোধন করেছেন?

(ছ) 'আজ আমাদের বাড়িতে একটা কাজ আছে, আমি কিছু ব্যস্ত আছি, তুমি আজ যাও।' — কাজটি কী? সেজন্য বক্তা কাকে চলে যেতে বলছেন?

(জ) 'তাহাকে এমনি উৎসাহের সহিত দোলাইতে আরম্ভ করিয়াছে, এমনি নিপুণতার সহিত তাহাকে দুই হাতে ধরিয়া আকাশে উৎক্ষিপ্ত করে...' — কে, কাকে এভাবে আকাশের দিকে ছুঁড়ে দেয়?

(বা) রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ দুইটি কী কী?

(এ৩) 'হাজার বছরের পুরাণ বাংলা ভাষায় বৌদ্ধ গান ও দোহা' গ্রন্থটি কার সম্পাদনায় কবে প্রকাশিত হয়?

(ট) ছাপাখানার যুগে মনসামঙ্গল কাব্যধারার কোন কবি প্রথম মুদ্রণ সৌভাগ্য লাভ করেন? কত খ্রিষ্টাব্দে তাঁর গ্রন্থটি প্রথম মুদ্রিত হয়?

(ঠ) মনসামঙ্গল কাব্যধারার অন্তর্গত যে কোনো দুইজন কবির নাম লেখো।

৩। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

“তপতী কুমারীমরু আজ চাহে প্রথম পায়ের ধূলি

অজানা নদীর উৎস ডাকিছে ঘোমটা আধেক খুলি।”

অথবা

‘তরুণ দেবতা সম কিশোর কুমার

যৌবনে সন্ন্যাসী সাজি’ চলিয়াছে বনে,—

সীতার বিরহ-ভয়ে পুরী অন্ধকার

গগন স্বসিয়া ওঠে নিরুদ্ধ ব্রন্দনে।’

(খ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

‘উত্তরাধিকার’ কবিতায় কবি তাঁর উত্তরাধিকারীকে যা যা দিতে চেয়েছেন, তা সংক্ষেপে লেখো

অথবা

‘গৌরঙ্গ বিষয়ক পদ’ কবিতায় গৌর কিশোরের যে রূপ ফুটে উঠেছে তার বিবরণ দাও।

৪। সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

(ক) ‘গভীর জলধি, কখনও অল্প কারণে আকুলিত হয় না। সামান্য বায়ু বেগের প্রভাবে হিমাচল কদাচ বিচলিত হইতে পারে না।’

৪

অথবা

‘আমরা যথা হইতে আসি, আবার তথায় ফিরিয়া যাই। দীর্ঘ প্রবাসের পর উৎসে মিলিত হইতে যাইতেছি।’

(খ) দুর্মুখের কাছে সীতা-অপবাদ বৃত্তান্ত শুনে রামের মনে যে বিচিত্র ভাব দেখা দিয়েছিল, তা সংক্ষেপে লেখো।

অথবা

‘রূপকথা তাহার সম্মুখে একটি দিগন্ত বিস্তৃত, বাধাবন্ধনহীন কল্পনারাজ্যের দ্বার খুলিয়া দিয়া তাহার সংসারানভিজ্ঞ মনের স্বচ্ছন্দ ভ্রমণের উপযুক্ত ক্ষেত্র রচনা করে।’—আলোচনা করো।

৫। নিম্নলিখিত প্রশ্নের নাতিদীর্ঘ উত্তর লেখো :

(ক) ‘খোকাবাবুর প্রত্যাবর্তন’ গল্পের ফেল্‌না চরিত্রটি আলোচনা করো।

৪

অথবা

(খ) “চতুর ব্যারিস্টার সেকৌতুকে পার্শ্ববর্তী অ্যাটর্নিকে বলিলেন, ‘বাই জোভ! লোকটাকে কেমন ঠেসে ধরেছিলুম।’—চতুর ব্যারিস্টার কাকে ঠেসে ধরেছিলেন? এর ফলে লোকটি কী করেছিল?

৬। (ক) 'রানার' কবিতার নামকরণ সার্থক হয়েছে কি না, তা যুক্তি-সহ বিশ্লেষণ করো।

অথবা

(খ) 'দুই বিঘা জমি' কবিতা অবলম্বনে উপেনের দুঃখের কাহিনিটি বিবৃত করো।

৭। (ক) 'রাজধর্ম' প্রবন্ধে রামচন্দ্র কীভাবে রাজধর্ম পালন করেছিলেন, লেখো।

অথবা

(খ) রামায়ণ মহাকাব্য সম্পর্কে রবীন্দ্রনাথের মন্তব্যগুলো আলোচনা করো।

৮। (ক) 'রামকানাইয়ের নিবুদ্ধিতা' গল্পে বরদাসুন্দরীর বিপক্ষে নবদ্বীপচন্দ্র ও তাঁর মা কেন এবং কীভাবে যড়যন্ত্র করেছিলেন, তার বিবরণ দাও।

অথবা

(খ) 'কাবুলিওয়ালা' গল্পের কাহিনি অবলম্বনে মিনি ও রহমতের সম্পর্কটি বিশ্লেষণ করো।

৯। (ক) 'অন্নদামঙ্গল' কাব্যরচনায় ভারতচন্দ্রের কৃতিত্ব বিচার করো।

অথবা

(খ) মনসামঙ্গল কাব্যের কাহিনিটি সংক্ষেপে বিবৃত করো। এই ধারার অন্যতম কবি নারায়ণ দেবের কৃতিত্ব আলোচনা করো।

১০। টীকা লেখো : (যে কোনো তিনটি)

৪×৩=১২

বিদ্যাপতি, গোবিন্দদাসের কড়চা, দৌলত কাজী, লাউসেনের গল্প, রামেশ্বর, আগমনী গান।

—x—